[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এবং তার স্বামী ডাঃ রফিকুল ইসলামের যৌথ পরিচালনায় জীবননগর পৌর শহরের বসতিপাড়ায় মনোয়ারা সনো সেন্টার অ্যান্ড নার্সি হোম নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেছেন।কিন্তু ক্লিনিকে আগত লোকজনের গাড়ি পার্কিয়ের তেমন কোন ব্যবস্থা না করায় সেখানে রাস্তার উপর প্রতিনিয়ত যানজটের সৃষ্ঠি হচ্ছে ।

যার ফলে এলাকার সাধারণ মানুষের চলাচলে চরম ভোগান্তির শিকার হতে হচ্ছে । শুধু তাই নয় ক্লিনিকের পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা না থাকায় ক্লিনিক ভবনের পানি নিচে ফেলার কারণে পথচারিরা নানা ভাবে ভোগান্তির শিকার হচ্ছে।এ বিষয়গুলো ক্লিনিক মালিকদেরকে একাধীক বার বলা সত্বেও কোন প্রতিকার হয়নি ।

এ বিষয়ে ডাঃ রফিকুল ইসলামের সাথে ফোনে যোগাযোগ করার চেষ্ঠা করা হলে ফোনটি রিসিপ না করায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, মনোয়ারা সনো সেন্টারের বিরুদ্ধে অভিযোগ তুলে স্থানীয়রা একটি অভিযোগ দিয়েছে তবে বিষয়টি তদন্ত করা হচ্ছে তদন্তপূর্বক ব্যবস্থা নেওয়া হবে ।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন বলেন মনোয়ারা সনো সেন্টারের বিরুদ্ধে যে অভিযোগ উঠেছে এ বিষয়ে এখনও কোন অভিযোগ পায়নি অভিযোগ পেলে তদন্তপূর্বক ব্যবস্থা নেওয়া হবে ।

জীবননগরে মসজিদ কমিটিকে কেন্দ্র করে দুই গ্রুপের মহড়া

জীবননগরে মসজিদ কমিটি সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে দুই গ্রুপের মহড়া পুলিশের বাধায় বন্ধ। অবশেষে ইউপি সদস্য আব্দুল মেম্বারসহ দুইজনের নামে জীবননগর থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে।

ঘটনাটি জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের মেদিনীপুর গ্রামে ঘটেছে।

অভিযোগকারী মেদনীপুর গ্রামের মৃত আজিজুল তরফদারের ছেলে ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি কাওসার আলী অভিযোগ করে বলেন, আমদের গ্রামের মসজিদ কমিটি সংক্রান্ত একটি বিষয় নিয়ে আব্দুল মেম্বার ও আজান মিয়া আমাদের ওয়ার্ড আওয়ামী লীগের নেতাকর্মীদের বিভিন্ন ভাবে অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে ।

আমি গালি দিতে নিষেধ করলে আব্দুল মেম্বার ও আজান মিয়া আমাকে মারধর করতে আসে এক পর্যায় বিষয়টি আমার ওর্য়াড আওয়ামী লীগের নেতাকর্মীদের কাছে বললে তারা আব্দুল মেম্বারের কাছে এসে ঘটনাটি জানতে চাই এ সময় আব্দুল মেম্বার তার দলবল নিয়ে আমাদের মারধর করার হুমকি প্রদান করে এ বিষয়ে আমি জীবননগর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছি ।

সীমান্ত ইউপি সদস্য আব্দুলের সাথে কথা বলার জন্য চেষ্ঠা করা হলে ফোনটি বন্ধ থাকায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, মেদিনীপুর গ্রামে যে ঘটনা ঘটেছে এ বিষয়টি শোনা মাত্র আমি সেখানে পুলিশ ফোর্স পাঠিয়েছি ।বর্তমানে এটি থমথামা অবস্থায় আছে ।

তবে এ বিষয়ে থানায় একটি অভিযোগ দায়ের হয়েছে বিষয়টি তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।

চম্পা রানী চালিয়ে যাচ্ছে বাংলা মদের ব্যবসা

চুয়াডাঙ্গা সদরের ভালাইপুর মোড়ে কাঁচা মালের আড়ৎ পট্টিতে প্রতিদিন বিকাল হলেই চলে মদের মিলন মেলা।

জানাগেছে ভালাইপুর মোড়ে কাচা মালের আড়ৎ পট্টিতে চম্পা রানী ঝাড়ু দারের কাজ করে থাকে। এই সুযোগে প্রতিদিন বিকাল ৫ টার পর থেকে সন্ধার পর পযর্ন্ত ৫০ থেকে ৬০ লিটার মদ বিক্রি করে থাকে, প্রতিলিটার মদের দাম নিয়ে থাকে ৪০০ টাকা, চম্পা রানীর এই মদ খেতে

ছুটে আসে বিভিন্ন গ্রাম থেকে ।এই মদ খেয়ে কেউ করছে পাগলামি কেউ করছে মাতলামি,আবার কেউ করছে মারামারি।

আর এই মদ ব্যবসায়ী চম্পা রানী-কে সহযোগীতা করছেন ভালাইপুর মোড়ের আড়তদার এলাকার কয়েকজন দালাল। এদিকে ভালাইপুর মোড়ের বেশ কয়েকজন দোকান দার বলেন শুধু চম্পা রানী ও কয়েকজন মানুষের কারণে ভালাইপুর মোড়ে মদের ছড়াছড়ি আর এই কারণে উঠতি বয়সের কিশোর থেকে শুরু করে বযস্করাও এই মদের নেশাই আসক্ত হয়ে পড়েছে।

মদ কিনতে আসা আলুকদিয়া মনিরাম পুরের পাখি ভ্যান চালক বিল্লা বলেন আমার এক বন্ধু হাতে এক হাজার টাকা দিয়ে বললো ভালাইপুর মোড়ে থেকে চম্পারানীর কাছ থেকে আড়াই লিটার মদ নিয়ে আই ‘ তাই এসচ্ছি, এদিকে গোপিনাথপুরের মদ কিনতে আসা জৈনেক ব্যক্তি বলেন আগে চুয়াডাঙ্গায় মদ খেতে যেতাম এখন ভালাইপুর মোড়ে চম্পা রানীর কাছে সহজেই মদ কিনতে পারি।

তিনি আরও বলেন ভালাইপুর মোড়ে মদ বিক্রির কারণে মানুষ মদের নেশাই আসক্ত বেশি হচ্ছে। যেমন এই মদ কেনার টাকা মেনেজ করতে কেউ বিক্রয় করে জমির বাঁশ কেউ বিক্রয় করে জমির গাছ আবার কেউ বিক্রয় করে জমি। এই ভাবে গ্রামের কিছু কিছু সহজ সরল মানুষ এখন নিঃস্ব পথে পথে ঘুরছে এই চম্পা রানীর মদ খেয়ে। সাংবাদিক দেখে চম্পা রানী দৌড় দেই, ১০ মিনিট পর ফিরে আসলে মদ বিক্রির কথা জিজ্ঞেস করলে তিনি বলেন আমার মদ বিক্রির লাইসেন্স আছে আমার কেউ কিছু করতে পারবে না।

এদিকে ভালাইপুর মোড় বাজার কমিটির সভাপতি হাজী আমির হোসেনের বলেন মদ বিক্রির কারণে ভালাইপুর মোড়ের পরিবেশ নষ্ট হচ্ছে, উঠতি বয়সের ছেলেরা মদে আসক্ত হচ্ছে, বেশ কয়েকবার পদক্ষেপ নিয়েছি কিন্তু দুদিন পর আবার দেখি মদ বিক্রি হচ্ছে।

ভালাইপুর মোড় দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সোহেল রানা শান্তি আরও বলেন আমরা অনেক পদক্ষেপ নিয়েছি ভালাইপুর মোড় থেকে মদ বিক্রি বন্ধ করতে পারিনি। তাই এই বিষয়টি জেলা পুলিশ সুপার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আলমডাঙ্গায় কৃষকলীগের জাতীয় শোক দিবস পালন

আলমডাঙ্গা উপজেলা কৃষকলীগের উদ্যোগে বঙ্গবন্ধুর ৪৫ তম মৃত্যু বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উপজেলা কৃষকলীগের কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপজেলা কৃষকলীগের সহসভাপতি আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষকলীগের সভাপতি এম আজিজুল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষকলীগের সহসভাপতি মোহন মিয়া, সাধারণ সম্পাদক খন্দকার বজলুল করিম, সহ দপ্তর সম্পাদক ফজলুুর রহমান, কার্যকারী পরিশোধের নির্বাহী সদস্য মুক্তিযোদ্ধা শ্রী সৌমেন্দ্রনাথ সাহা।

উপজেলা কৃষকলীগের দপ্তর সম্পাদক সাহাবুল হকের পরিচালনায় সভায় আরও উপস্থিত ছিলেন সাকের আলী, মজিবুল হক, দেলোয়ার রহমান, রাজ কুমার ব্যাধ, মন্টু মিয়া, লাল্টু, মহেশ কুমার, বদর উদ্দিন, ওহাবসহ বিভিন্ন ইউনিয়নের কৃষকলীগ নেতাকর্মী।

আলমডাঙ্গায় যুবলীগের জাতীয় শোক দিবস পালন

আলমডাঙ্গা উপজেলা ও পৌর যুবলীগের উদ্যোগে বঙ্গবন্ধু’র ৪৫ তম মৃত্যু বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। শোক দিবস উপলক্ষ্যে দিনের শুরুতেই জাতীয় ও কালো পতাকা উত্তোলন, জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, শহরের বিভিন্ন মোড়ে মাস্ক বিতরণ, আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

আলোচনা সভায় উপজেলা যুবলীগের আহ্বায়ক আনোয়ার হোসেন সোনাহার মন্ডলেল সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের আহ্বায়ক ও জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক জিল্লুর রহমান, কেন্দ্রীয় যুবলীগ নেতা মাসুদ মোস্তাফিজ, জেলা যুবলীগের সদস্য হাফিজুর রহমান হাকু, আজাদ, শুভ। উপজেলা যুবলীগের সদস্য সিদ্দিকুর রহমানের পরিচালনায় আরো উপস্থিত ছিলেন পৌর যুবলীগের আহ্বায়ক আশাদুল ইসলাম ডিটু, যুগ্ম-আহ্বায়ক জাহেদুল ইসলাম, মামুনুর রশিদ হাসান।

উপজেলা যুবলীগের সদস্য সাইফুল ইসলাম, মনিরুজ্জামান হিটু, সনি, চন্দন, জাহাঙ্গীর,পাপন, সাব্বির, হাসিব, রকি। পৌর যুবলীগের সদস্য সোহাগ, আনিছ, রায়হান, রনি ডাক্তার, রিপন, সাগর, পিয়াস, রুবেলসহ বিভিন্ন ইউনিয়নের নেত্রবৃন্দ।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের ৪৫তম জাতীয় শোক দিবস পালন

১৫ আগস্ট জাতীয় শোক দিবস মহান স্বাধীনতার স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে সংক্ষিপ্ত আলোচনা ও বঙ্গবন্ধু ও তার পরিবারের সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠান করা হয়।

শনিবার ১৫ শে আগস্ট সকাল সাড়ে ৮ টার দিকে কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ. লীগের দলীয় কার্যালয় এ সভা অনুষ্ঠিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শফিক-উর রহমানের সভাপতিত্বে সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সদস্য উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক কার্পাসডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি সহিদুল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজির আহমেদ, যুগ্ম- সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস আওয়ামী লীগ নেতা মখলেসুর রহমান রিপন, রবিউল হোসেন শুকলাল, আব্দুল কাদের বিশ্বাস, আব্দুল করিম, আলাউদ্দিন, লুৎফর রহমান, আমিনুল ইসলাম ফুরুই, ডা. রবিউল হক, নাসির উদ্দিন, শওকত আলী, লিয়াকত আলী, আব্দুস সবুর, সহিদুল ইসলাম,

মিন্টু বিশ্বাস, সিরাজুল ইসলাম, রবিউল ইসলাম, আব্দুস সালাম, ফকির মোহাম্মদ শেখ, আশরাফ আলী, আলাল হোসেন, কিতাব আলী, সহিদুল হক, শ্রমিক নেতা জামাত আলী, দামুড়হুদা উপজেলা শ্রমিকলীগ যুগ্ম-আহবায়ক শওকত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, সহ-সভাপতি আব্দুল মজিদ, যুগ্ম সম্পাদক শরিফ রতন, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাংবাদিক মেহেদী হাসান মিলন, দপ্তর সম্পাদক বখতিয়ার বকুল,

অর্থ বিষয়ক সম্পাদক শফিউদ্দিন বাবু, যুবলীগ নেতা আবু জাফর, ধর্ম বিযয়ক সম্পাদক বিল্লাল হোসেন,আক্তার, জাহাঙ্গীর, লিটন, ফারুক, বিল্লাল, রতন, তারিকুল, আলমগীর, সাজন, ফারুক, জিয়ার, ওমিদুল, মুকুল ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা, সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন, লিমন, সালাউদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

রুইথনপুর যুব উন্নয়ন সংঘর উদ্যোগে জাতীয় শোক দিবস পালন

গতকাল শনিবার সন্ধ্যা ছয়টার সময়, চুয়াডাঙ্গা জেলার চিৎলা ইউনিয়নের রুইথনপুর গ্রামে, রুইথনপুর যুব উন্নয়ন সংঘর উদ্যোগে

‘সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদত বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলামের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের যুগ্ন আহবায়ক ও রুইথনপুর যুব উন্নয়ন সংঘর সভাপতি রবিউল ইসলাম মল্লিক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তৌহিদুল ইসলাম , মল্লিক সদস্য ৩ নং ওয়ার্ড। উপস্থিত ছিলেন সাংগঠনিক সম্পাদক মিঠু মিয়া, সদস্য সজীব, সুইট ,রানা, নাহিদ, আনিছুর, ফয়সাল, রাজু, মিলন, রাশেদ, রকি প্রমুখ।

উক্ত অনুষ্ঠানে আলোচনা শেষে মসজিদে মিলাদ মাহফিল ও দোয়ার আয়োজন করা হয় ও তবারক বিতরণ করা হয়।

দামুড়হুদার বাঘাডাঙ্গার রাজকুমার নৌকা তৈরি করে স্বাবলম্বী

পূর্বপুরুষের ঐতিহ্য বজায় রাখতে যুগ-যুগ ধরে নৌকা তৈরিতে কর্মব্যস্ত সময় পার করছেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামের মৃত টরেন মন্ডলের ছেলে রাজকুমার। নিজের কারখানায় দিন-রাত পরিশ্রম করে এ ক্ষুদ্র শিল্পের মাধ্যমে অর্থনৈতিক ভাবে সচ্ছল হয়েছেন তিনি।

সরেজমিনে কার্পাসডাঙ্গা বাজারের কারখানায় দেখা যায় নৌকা তৈরির কারিগর রাজকুমার ব্যস্ত সময় পার করছেন। তিনি এ শিল্পের ওপর নির্ভরশীল। মূলত তারা পেশা কাঠ মিস্ত্রি।

শুকনো মৌসুমের ৬ মাস তিনি বাজারে নিজের কারখানায় আসবাব পত্রসহ কাঠের জিনিষ নির্মাণে ব্যস্ত থাকেন। নৌকা তৈরীর কারিগর রাজকুমার জানান, বর্ষা মৌসুমে বেকারত্ব দূরীকরণের লক্ষ্যে আমি নৌকা তৈরি

করি। দিন-রাত পরিশ্রম করে মৌসুমে ১৫ থেকে ২০ টা নৌকা তৈরি করি। আমি ৮ বছর বয়স থেকে আমার বাবার সাথে নৌকা তৈরির কাজ করতাম। আমার বাবার কাছেই এই কাজ শিখেছি। প্রায় ৪০ বছরের উপরে এই কাজে জড়িত।

একটা নৌকা তৈরি করে ৭ হাজার টাকা থেকে ৯ হাজার পর্যন্ত নিয়ে থাকি। এই কাজ করে মোটামুটিভাবে সংসারে সচ্ছলতা এসেছে। তিনি আরও জানান, বেসরকারী বিভিন্ন এনজিও থেকে ঋণ নিয়ে গাছ ক্রয় করি। কিন্তু এনজিওর কিস্তি গুনতে হয় প্রতি সপ্তাহে। তাই সরকারি ও বেসরকারি ভাবে সুদমুক্ত ও সহজ শর্তে ঋণ পেলে এ শিল্পটিকে টিকিয়ে রাখা সম্ভব হবে।

জীবননগরে জাতীয় শোক দিবস উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিদের মধ্যে পুরস্কার বিতরণ

জাতীয় শোক দিবস উপলক্ষে জীবননগরে বঙ্গবন্ধু-বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, নিরাবতা পালন,শিক্ষার্থীদের অংশগ্রহনে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহনকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়েছে ।

শনিবার সকালে উপজেলা প্রশাসকের কার্য্যলয় চত্বরে এ কর্মসূচি পালন করা হয়।

শনিবার সকাল ৭টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে এক মিনিট নিরাবতা পালন করা হয়। শেষে উপজেলা পরিষদের হলরুমে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনের মাধ্যমে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহনকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরন করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে ১৫ আগস্টের কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম,ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ,জীবননগর পৌর সভার মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল লতিফ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেনখাঁন,জীবননগর পৌর আওয়ামীলীগের সভাপতি নাসির উদ্দিন প্রমুখ।